# মেকআপ আর্টিস্ট রুবামা ফাইরুজ

*রুবামা ফাইরুজ মেকআপ আর্টিস্ট হিসেবে কাজ করেন। বর্তমান সময়ে মেকআপ আর্টিস্ট হিসেবে মিডিয়ায় যারা কাজ করছেন তাদের মধ্যে অন্যতম মেধাবী এই তরুণী। তিনি কাজ করছেন প্রস্থেটিক মেকআপ নিয়ে। নুহাশ হুমায়ূনের হরর আন্থোলজি সিরিজ 'পেট কাটা ষ' তে কাজ করে কুড়িয়েছেন সুনাম। গত ঈদে প্রথমবারের মতো বড় পর্দায় কাজ করেছেন। তার সম্পর্কে জানাচ্ছেন **গোলাম মোর্শেদ সীমান্ত**।*



রুবামা এখন মেকআপ আর্টিস্ট হিসেবে কাজ করছেন কিন্তু তিনি ক্যারিয়ারের শুরুতে পড়াশোনা করেছেন ফ্যাশন ডিজাইনিং নিয়ে ন্যাশনাল ইনস্টিটিউট অফ ডিজাইন থেকে। ছোটবেলা থেকেই আগ্রহের জায়গা ছিল মেকআপ। সবসময় মেকআপ করতে পছন্দ করতেন। কলেজের গণ্ডি পার করার পর তিনি হঠাৎ লক্ষ্য করলেন যে তিনি মেকআপে বেশ ভালো এবং তার বন্ধুরা যেকোনো অনুষ্ঠানের জন্য তাদের মেকআপ করাতে তার কাছে আসতো। কৈশোরের দিনগুলোতে স্বপ্ন দেখতেন মেকআপ আর্টিস্ট হওয়ার। তারপর ধীরে ধীরে আগ্রহ জাগে প্রস্থেটিক মেকআপের দিকে। আগ্রহের জায়গা থেকে প্রস্থেটিক মেকআপের কাজ শেখা শুরু করেন তিনি।

২০১৫ সাল থেকে তিনি নানাভাবে শেখার চেষ্টা করছিলেন। মেকআপ শেখাকে শখের মধ্যেই সীমাবদ্ধ রাখেননি তিনি, এ বিষয়ে প্রাতিষ্ঠানিক পড়াশোনাও করেছেন। যখন ঠিক করলেন এই বিষয়ে পড়াশোনা শুরু করবেন তখন সন্ধান পান সুইডেনের এক মেকআপ বিশ্ববিদ্যালয়ের। সুযোগ-সুবিধা আর অর্থ ব্যয়ের বিষয় ব্যাটে বলে মিলে যায়। ২০১৬ সালে ডিগ্রি সম্পন্ন করেন সেখান থেকে। এরপর মেকআপ শেখার জন্য তিনি আন্তর্জাতিক অনলাইন কোর্সের সন্ধান করছিলেন। সেই সময়ে তিনি সুইডেনে একটি ইনস্টিটিউট খুঁজে পান, যেখান থেকে তিনি কৃত্রিম মেকআপের উপর ছয় মাসের কোর্স করেন। সেখানে থিয়েটার মেকআপ, ফিল্ম মেকআপের উপর পড়ান হয়। রুবামা ফাইরুজ কৃত্রিম মেকআপ নিয়ে কোর্স করেন। ক্লাস করার সময় পরিচয় ঘটে বিদেশের অসাধারণ সব প্রস্থেটিক আর্টিস্টের সঙ্গে। তাদের সঙ্গে নানা আইডিয়া শেয়ার করতে থাকেন এবং অনেক ধরনের সহযোগিতা পেতে শুরু করেন। সহপাঠীদের পাশাপাশি শিক্ষকদের কাছ থেকেও অনেক পরামর্শ পেয়েছেন যা তার ক্যারিয়ার গঠনে অনেক সহায়তা করেছে ।

## কাজের সুযোগ

প্রস্থেটিক মেকআপের ওপর কোর্স শেষ হওয়ার পর তার করা কৃত্রিম মেকআপের ছবি নিজের ইন্সটাগ্রাম প্রোফাইলে পোস্ট করতেন রুবামা ফাইরুজ। কাজগুলো অল্প কিছু মানুষের কাছে পৌঁছাত। একদিন হঠাৎ করে কাজগুলো তরুণ নির্মাতা নুহাশ হুমায়ূনের চোখে পড়ে। তিনি তখন হরর আন্থোলজি সিরিজ 'পেট কাটা ষ' করার পরিকল্পনা করছিলেন। সিরিজের গল্পগুলোর জন্য যেসকল চরিত্র ডিমান্ড করে সেখানে একজন প্রস্থেটিক মেকআপ আর্টিস্ট খুব গুরুত্বপূর্ণ। রুবামা ফাইরুজের কাজ দেখে তার নাম লিটল বিগ প্রোডাকশন হাউজে রেফার করেন নুহাশ। কয়েকবার বসার পর নুহাশ হুমায়ূন কী চাচ্ছেন, সেটা তিনি জানান। এক পর্যায়ে একটা টেস্ট লুক নেওয়া হয়, সেটা নুহাশ হুমায়ূনের পছন্দ হয়। তারপর 'পেট কাটা ষ' সিরিজে কাজ শুরু করেন রুবামা ফাইরুজ মেকআপ আর্টিস্ট হিসেবে। সিরিজের প্রতিটি গল্পে মেকআপ নিয়ে কারিশমা দেখিয়েছেন তিনি। দর্শক মহল থেকে তুমুল প্রশংসা কুড়িয়েছেন। সামাজিক যোগাযোগমাধ্যম শুধু যে সময় নষ্ট করে তা কিন্তু নয়, অনেক সময় সুযোগও তৈরি করে দেয় যার জলজ্যান্ত প্রমাণ রুবামা ফাইরুজের 'পেট কাটা ষ' প্রজেক্টে কাজ করা।

## ওটিটি প্লাটফর্মে

'পেট কাটা ষ' তে রুবামা ফাইরুজের কাজ ব্যাপকভাবে প্রশংসিত হয়েছিল। 'এই বিল্ডিংয়ে মেয়ে নিষেধ' এ অভিনেত্রী শিরিন আক্তারের 'পেত্নি' লুক দর্শকদের নজর কেড়েছিল। এছাড়াও সিরিজের বাকি তিন পর্ব 'মিষ্টি কিছু', 'লোকে বলে', 'নিশির ডাক' এর কাজ প্রশংসা পায়। কিন্তু ওটিটি প্লাটফর্মে এটি রুবামার দ্বিতীয় কাজ। রাহাত রহমান পরিচালিত 'পাংখা' সিরিজে কাজ করার মাধ্যমে ওটিটি প্লাটফর্মে যুক্ত হয়েছিলেন তিনি। ২০১৭ সালে ওটিটি প্লাটফর্ম আইফ্লিক্সে মুক্তি পেয়েছিল 'পাংখা'। তারপর লম্বা সময় বিরতি নিয়েছিলেন তিনি, মূলত এই ইন্ডাস্ট্রির কাজের প্যাটার্ন বোঝার জন্য। ইয়াসির আল হক পরিচালিত 'সাড়ে ষোল', অমিতাভ রেজা চৌধুরীর 'বোধ', ইমতিয়াজ হোসাইন সজিবের 'রিফিউজি' সিরিজে যুক্ত ছিলেন রুবামা। দর্শকদের কাছে বহুল আলোচিত কাজ ভিকি জাহেদের সাসপেন্স ঘরানার ফিকশন 'পুনর্জন্ম', যেখানে কাজ করেছেন তিনি। এই কাজের মাধ্যমেও প্রশংসা কুড়িয়েছিলেন।

আগামী তিন বছরে ফিল্ম সিন্ডিকেট চরকির জন্য নির্মাণ করবে ১০টি সিরিজ। তাদের প্রথম কাজটি হলো 'কালপুরুষ'। চঞ্চল চৌধুরী, এফ এস নাঈম ও তানজিকা আমিন অভিনীত সিরিজটি নির্মাণ করেছেন সালজার রহমান। একদম বামে নিচের দিকে দেখা যাচ্ছে এক জোড়া রক্তাক্ত পা। প্রথম দেখে বোঝা দায় যার পা সে জীবিত নাকি মৃত। পা থেকে খানিকটা দূরে দাঁড়িয়ে আছেন একজন কিশোরী ও একজন নারী। তারপর লাল রঙা জ্যাকেট ও চোখে একটু ভিন্ন ধরনের চশমা পরা একজন পুরুষ চেয়ারে বসে আছেন। আর একদম ডানে দাঁড়িয়ে আছেন আরেকজন পুরুষ। তার সামনেও ছড়িয়ে-ছিটিয়ে আছে কিছু রক্ত কণা। এ রকম দৃশ্যের দেখা মিলেছে চরকি অরিজিনাল সিরিজ 'কালপুরুষ' সিরিজের পোস্টারে। এটি রুবামা ফাইরুজের নতুন কাজ। এই সিরিজে মেকআপ ডিপার্টমেন্ট সামাল

দিয়েছেন তিনি। দর্শক কাজটা দেখার পর আবার তার কাজ নিয়ে আলোচনা শুরু করবে এমনটাই জানিয়েছেন তিনি।



## বড় পর্দার কাজ

এবারের ঈদে মোস্তফা কামাল রাজের ‘ওমর’ সিনেমায় কাজ করার মাধ্যমে বড় পর্দায় মেকআপ আর্টিস্ট হিসেবে অভিষেক হয়েছে রুবামা ফাইরুজের। সম্প্রতি মুক্তি পেয়েছে বদরুল আনাম সৌদ পরিচালিত সাইকোলজিক্যাল থ্রিলার ঘরানার সিনেমা ‘শ্যামা কাব্য’, যেখানে মেকআপ আর্টিস্ট হিসেবে কাজ করেছেন তিনি। মুক্তির অপেক্ষায় রয়েছে শরাফ আহমেদ জীবন পরিচালিত ‘চক্কর’ সিনেমা। বড় পর্দায় রুবামা ফাইরুজের এটি তৃতীয় কাজ। এতে কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন দেশের নন্দিত অভিনেতা মোশাররফ করিম। ‘চক্কর’ সিনেমার কাজ নিয়ে ভীষণ আশাবাদী রুবামা ফাইরুজ। নিজের সেরাটা দেওয়ার চেষ্টা করেছেন কাজটিতে।

## নিজের কথা

রুবামা ফাইরুজ প্রায় ৭ বছরের বেশি সময় ধরে কাজ করছেন প্রস্থেটিক মেকআপ নিয়ে। কাজের অভিজ্ঞতা ও চ্যালেঞ্জ সম্পর্কে জানতে চাইলে তিনি জানান, ‘পেট কাটা ষ’ ছিল আমার ক্যারিয়ারের একটি টার্নিং পয়েন্ট। এর পরই মানুষ আমাকে একজন শিল্পী হিসেবে চিনতে শুরু করে। অবশ্য বাংলাদেশের আবহাওয়ায় প্রস্থেটিক মেকআপের কাজ করাটা বেশ চ্যালেঞ্জের। ঘর্মাক্ত আবহাওয়া ওয়েক্স গলে যায়, স্কিনে সিনথেটিক থাকতে চায় না। তবুও সর্বোচ্চটা দিয়ে চেষ্টা করি ভালো কিছু করার। এছাড়া আমাদের ইন্ডাস্ট্রিতে এই ধরনের কাজ সচরাচর কেউ করতেও চায় না। মূল কারণ হচ্ছে বাজেট থাকে না। আমি আশাবাদী মানুষ, একদিন অবস্থার পরিবর্তন হবে। আরো দারুণ দারুণ কাজ উপহার দিতে পারবো। আমি ফিল্ম প্রোডাকশনের অন্য সব সেক্টর এক্সপ্লোর করতে চাই। যাতে আমি যখন একটি ফিল্ম পরিচালনা করবো, তখন যাতে একটি ফিল্ম প্রোডাকশনের সাথে সম্পর্কিত সমস্ত কিছু সম্পর্কে ধারণা থাকে। আমার ভবিষ্যত পরিকল্পনা আমি একদিন সিনেমা বানাবো।


www.rangberang.com.bd



রঙবেরঙ

| বিজ্ঞাপন হার | টাকা |
|---|---|
| শেষ প্রচ্ছদ (রঙিন) | ৫০,০০০.০০ |
| দ্বিতীয় প্রচ্ছদ (রঙিন) | ৪০,০০০.০০ |
| তৃতীয় প্রচ্ছদ (রঙিন) | ৪০,০০০.০০ |
| ভেতরে পুরো পাতা (রঙিন) | ৩০,০০০.০০ |
| ভেতরে অর্ধেক পাতা (রঙিন) | ২০,০০০.০০ |
| ভেতরে ১ কলাম (রঙিন) | ১০,০০০.০০ |
| ওয়েব সাইট প্যানেল প্রতিমাসে | ২০,০০০.০০ |
| ওয়েব সাইট স্পট প্রতিমাসে | ১০,০০০.০০ |

যোগাযোগ

আরিফুল ইসলাম ০১৭২৫ ৫৮৩০৮৫
মোফাজ্জল হোসেন জয় ০১৭১২ ৬৭৭৬০১
E-mail: rangberang2020@gmail.com

রুম ৫০৯, ৫১০, ৫১১ ও ৫১২, ইস্টার্ন ট্রেড সেন্টার, ৫৬ ইনার সার্কুলার রোড, পুরানা পল্টন লাইন, ভিআইপি রোড, ঢাকা-১০০০
জিপিও বক্স ৬৭৭, ফোন +৮৮০২৫৮৩১৪৫৩২